

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫

তারিখ : ১২ মার্চ, ২০০৮

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

পরিচালনা পর্ষদের সভায় উপস্থিতির জন্য আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণকে সম্মানী প্রদান প্রসঙ্গে।

পরিলক্ষিত হয়েছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকগণ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভায় উপস্থিতির জন্য পরিচালকদের অনুরূপ সম্মানী গ্রহণ করছেন। এ প্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যবস্থাপনা পরিচালকসহ আর্থিক প্রতিষ্ঠানের কোন বেতনভুক কর্মকর্তা কিংবা অন্য কোনো পদে আসীন ব্যক্তি পরিচালনা পর্ষদ কিংবা পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত কোনো কমিটির সভায় উপস্থিতির জন্য কোনরূপ সম্মানী পাবেন না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এর আওতায় প্রদত্ত ক্ষমতাবলে এই সার্কুলার জারী করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-  
(মোঃ গোলাম মোস্তফা)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৯৫৬